

রামগঞ্জে দুটি সড়ক ও জিয়াউল হক স্কুল অ্যান্ড কলেজের ভবন উদ্বোধন করেছেন সংসদ-সদস্য ড. আনোয়ার খান। মঙ্গলবার রামগঞ্জ-হাজীগঞ্জ পর্যন্ত দুই কিলোমিটার ও বরিয়াইশ ব্রিজ থেকে নোয়াগাঁও পর্যন্ত দেড় কিলোমিটারের নির্মাণ উদ্বোধন করা হয়।

বিকালে প্রধান
শিক্ষকদের সঙ্গে
মতবিনিময় সভায় ঈদ
উপহার প্রদান করেন
তিনি। উপজেলা নির্বাহী
কর্মকর্তা উম্মে হাবীবা
মীরার সভাপতিত্বে ও
সাবেক মেয়র বেলাল
আহমেদের সঞ্চালনায়
বিশেষ অতিথি ছিলেন
উপজেলা চেয়ারম্যান
মনির হোসেন চৌধুরী,
আওয়ামী লীগের
সম্পাদক আ ক ম
রুহুল আমিন।